B I (Three Year G)
Under 1+1+1 System

# 2018

## ELECTIVE BENGALI (General)

FIRST PAPER

( Revised New Syllabus )

*Time* : 2 hours *Full Marks* : 50

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১৪×৩=৪২

(ক) বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা মহাকাব্যের ধারায় কোন্ কোন্ কবিকে অন্তর্ভুক্ত করা যায়? এঁদের মহাকাব্যের পরিচয় দাও। মহাকাব্য ধারার বিলুপ্তির কারণ সংক্ষেপে আলোচনা করো।

(গ) রবীন্দ্রনাথের রূপক-সাংকেতিক নাটকগুলির নাম উল্লেখ করে নাট্যসাহিত্যে তাঁর স্বাতন্ত্র্যের দিকগুলি চিহ্নিত করো।

(ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কয়েকটি প্রধান উপন্যাস অবলম্বনে তাঁর ঔপন্যাসিক প্রতিভার মূল্যায়ন করো।

(ঙ) বাংলা প্রবন্ধ সাহিত্যের ইতিহাসে বঙ্কিমচন্দ্রের অবদান সম্পর্কে আলোচনা করো।

(চ) ছোটগল্পকার হিসেবে মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।

২। যে কোনো দুটি বিষয়ের উপর সংক্ষিপ্ত টীকা লেখো : ৪×২=৮

ভারতী ; হুতোম প্যাঁচার নক্সা ; এষা ; নবান্ন ; হাঁসুলী বাঁকের উপকথা ; সাধের আসন ; কৃষ্ণকুমারী ; প্রভাবতী সম্ভাষণ ; চরিত্রহীন ; বনলতা সেন ; অগ্নিবীণা ; মীর মশারফ হোসেন।

★★★

B I (Three Year G)
Under 1+1+1 System

**2018**

# ELECTIVE BENGALI (General)

## SECOND PAPER

( Revised New Syllabus )

*Time* : 2 hours *Full Marks* : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১৪×৩=৪২

(ক) বৈষ্ণব পদাবলীতে 'গৌরাঙ্গ-বিষয়ক' ও 'গৌরচন্দ্রিকা' পদ বলতে কি বোঝানো হয়? উভয়ের পার্থক্য দেখাও। 'গৌরচন্দ্রিকা' পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

*অথবা*

চণ্ডীদাসের পদে যে অনির্বচনীয় উপলব্ধির অতল গভীরতার স্পর্শ পাওয়া যায়, পঠিত পদ অবলম্বনে তার আলোচনা করো।

(খ) ভাবোল্লাস বলতে কি বোঝো? এই ধরনের পদে বৈষ্ণব তত্ত্বের কোন্ বক্তব্য পরিস্ফুট হয়? উদাহরণসহ আলোচনা করো।

*অথবা*

চৈতন্য-পূর্ববর্তী ও চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলীর মূল পার্থক্য সংক্ষেপে উদাহরণসহ আলোচনা করো।

(গ) "'বঙ্গভাষা' সনেটটি মধুসূদনের আত্মসমালোচনারই ফসল।" আলোচনা করো।

অথবা

'চতুর্দশপদী কবিতাবলী'র অন্তর্গত পৌরাণিক প্রসঙ্গযুক্ত কবিতা অবলম্বনে কবির পুরাণ-প্রীতির পরিচয় দাও।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ৪×২=৮

(ক) 'কণ্টক গাড়ি কমল সম পদতল' ইত্যাদি পদে যে অভিসার প্রস্তুতির চিত্র অঙ্কিত হয়েছে তার স্থানগত ভিত্তি আছে কী?

অথবা

'সখি কি পুছসি অনুভব মোয়' কবিতাটি কোন্ পর্যায়ের পদ? এই পর্যায়ে রাধার মানস-বৈশিষ্ট্যের রূপটি পরিস্ফুট করো।

(খ) 'চতুর্দশপদী কবিতাবলী' কখন রচিত হয়? কোথায় রচিত হয়? কবি প্রথম কোন্ সনেটটি রচনা করেন? এটি পরে কি নামে প্রচলিত হয়?

অথবা

'চতুর্দশপদী কবিতাবলী'র যে কোনো একটি কবিতার গঠন সম্পর্কে আলোচনা করো।

★★★

B I (Three Year G)
Under 1+1+1 System

**2018**

# ELECTIVE BENGALI (General)

## THIRD PAPER

( Revised New Syllabus )

*Time* : 2 hours *Full Marks* : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১৪×৩=৪২

(ক) 'হিমালয় ভ্রমণ' প্রবন্ধে হিমালয়ের সৌন্দর্য প্রাবন্ধিককে যেভাবে মুগ্ধ করেছে তার বর্ণনা দাও।

*অথবা*

''কোনো মায়ামন্ত্রবলে সেই সুদূর অতীত আবার ফিরে এল নাকি?'' অতীত, বর্তমান ও ভবিষ্যতের গ্রন্থিরচনার কার্যকারণ এস. ওয়াজেদ আলির 'ভারতবর্ষ' রচনা অবলম্বনে আলোচনা কর।

(খ) 'দেবী চৌধুরাণী' উপন্যাসের নামকরণ কতদূর সঙ্গত তা বিচার করে দেখাও।

*অথবা*

গৌণ চরিত্র বলতে কাদের বোঝায়? উপন্যাসে গৌণ চরিত্রের উপযোগিতা কী? 'দেবী চৌধুরাণী' উপন্যাসের গৌণ চরিত্রগুলির উপযোগিতা বিচার কর।

(গ) ‘সুভা’ গল্পের প্রকৃতিময়তা ও কাব্যধর্মিতার দিকটি আলোচনা কর।

*অথবা*

‘কঙ্কাল’ গল্পের ভাববস্তুতে একটি বিধবা নারীর ব্যর্থ প্রেমের ট্র্যাজেডিকে গল্পকার বড় করে তুলেছেন—মন্তব্যটি যুক্তিসহ আলোচনা কর।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৪×২=৮

(ক) ‘‘তোমরা কেহ কমলাকান্তের একটি বিবাহ দিতে পার?’’ কেন কমলাকান্ত এই কথা বলেছেন?

*অথবা*

‘‘দাদাবাবু, আমাকে তোমাদের বাড়ি নিয়ে যাবে?’’ কোন্ রচনায় কে, কাকে এই কথা বলেছে? তার সঙ্গে বক্তার সম্পর্ক পরিস্ফুট কর।

(খ) ‘‘ভবানী ঠাকুরের মনস্কামনা সিদ্ধ হইল।’’ কিভাবে ভবানী ঠাকুরের মনস্কামনা সিদ্ধ হল?

*অথবা*

‘‘কণারক এখন শুধু স্বপ্নের মত, মায়ার মত।’’ ‘স্বপ্নের মত’, ‘মায়ার মত’ বলা হল কেন?

★★★

B II (Three Year G)
Under 1+1+1 System

**2018**

# ELECTIVE BENGALI (General)

FOURTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 2 hours *Full Marks* : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) ধ্বনিপ্রধান ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও। ১২

*অথবা*

দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্দেশ করো : ৪×৩=১২

অক্ষর ; যতি ; লয়।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দুটি) : ৪×২=৮

(১) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
অনলে পুড়িয়া গেল।
অমিয়া সাগরে সিনান করিতে
সকলি গরল ভেল॥

(২) তোমার মাপে হয়নি সবাই
তুমিও হওনি সবার মাপে,
তুমি মর কারও ঠেলায়
কেউবা মরে তোমার চাপে।

(৩) এ কথা জানিতে তুমি ভারত ঈশ্বর সাজাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।

(৪) ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর
যা-কিছু হারায় গিন্নি বলেন, কেষ্টা বেটাই
চোর।

(৫) সম্মুখ সমরে পড়ি বীর চূড়ামণি
বীরবাহু, চলি যবে গেলা যমপুরে
অকালে।

২। (ক) উৎপ্রেক্ষা অলংকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভাগগুলি উদাহরণসহ উল্লেখ করো। ৫

*অথবা*

উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো দুটি) : $২\frac{১}{২}\times২=৫$

সমাসোক্তি ; অপহ্নুতি ; যমক ; ব্যতিরেক।

(খ) অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) : $২\frac{১}{২}\times২=৫$

(১) ভারত ভারত খ্যাত আপনার গুণে।

(২) হাথক দরপণ মাথক ফুল
নয়নক অঞ্জন মুখক তাম্বুল।





(৩) অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ
কোন গুণ নাই তার কপালে আগুন।

(৪) লঙ্কার পঙ্কজরবি গেলা অস্তাচলে।

(৫) জগৎ ভ্রমিয়া শেষে
সন্ধ্যার পাশে তপন দাঁড়াল এসে।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'গীতিকাব্য' কাকে বলে? 'মহাকাব্য'-এর সঙ্গে 'গীতিকাব্য'-এর পার্থক্য আলোচনা করো।

(খ) 'ছোটগল্প'-এর সংজ্ঞা দাও। 'উপন্যাস' ও 'ছোটগল্প'-এর পার্থক্য চিহ্নিত করো।

(গ) 'কমেডি' কাকে বলে? 'কমেডি' কয় প্রকার ও কী কী? একটি বাংলা কমেডি নাটকের পরিচয় দাও।

(ঘ) আঞ্চলিক উপন্যাস কাকে বলে? এই শ্রেণির উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

★ ★ ★

B II (Three Year G)
Under 1+1+1 System

**2018**

## ELECTIVE BENGALI (General)

FIFTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 2 hours *Full Marks* : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১৪×৩=৪২

(ক) 'মানসী' কাব্যের নামকরণের সার্থকতা আলোচনা করো।

*অথবা*

'মানসী' কাব্যের অন্তর্গত 'মেঘদূত' কবিতাটির ভাববস্তু বুঝিয়ে দাও।

(খ) 'বিসর্জন' নাটকটিকে সার্থক ট্র্যাজেডি বলা কতদূর যুক্তিসঙ্গত, বুঝিয়ে দাও।

*অথবা*

'বিসর্জন' নাটকের নায়ক কে? তোমার অভিমত যুক্তিসহ বুঝিয়ে দাও।

(গ) 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থে প্রতিফলিত কবির মৃত্যুচেতনার পরিচয় দাও।

অথবা

'বাংলার মুখ' কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) 'বিসর্জন' নাটকে রঘুপতির পরিণতি নাট্যকাহিনী অবলম্বনে সংক্ষেপে উল্লেখ করো।

(খ) 'আবার আসিব ফিরে' কবিতাটিতে 'হয়তো' কথাটির পৌনঃপুনিক ব্যবহারের কারণ নির্দেশ করো।

(গ) 'ভৈরবী গান' বলতে কী বোঝানো হয়েছে? কবিতাটির বিষয়বস্তু অবলম্বনে বুঝিয়ে দাও।

(ঘ) 'মানসী' কাব্যের বিভিন্ন কবিতায় ছন্দোরীতির নতুনত্বের পরিচয় দাও।

★★★

B II (Three Year G)
Under 1+1+1 System

**2018**

# ELECTIVE BENGALI (General)

## SIXTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 2 hours *Full Marks* : 50

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। 'দেনা-পাওনা' উপন্যাসের নায়িকা চরিত্র-চিত্রণের সার্থকতা বিশ্লেষণ করো। ১৪

*অথবা*

'দেনা-পাওনা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৪×২=২৮

(ক) 'শুধু কেরাণী' গল্পে কেরাণী জীবনের যে যন্ত্রণার চিত্র ফুটে উঠেছে, গল্পকাহিনী অবলম্বনে তার পরিচয় দাও।

(খ) 'একপো দুধ' ছোটগল্পে মানুষের মনোগহনের যে রহস্য চিত্রিত হয়েছে তার পরিচয় দাও।

(গ) 'ফসিল' কথাটির অর্থ কী? গল্পটির ব্যঞ্জনাধর্মিতা বুঝিয়ে দাও।

(ঘ) 'তারিণী মাঝি' গল্পে মানুষের চিরন্তন জৈব প্রবৃত্তির চিত্র কতটা সার্থকভাবে ফুটে উঠেছে তা বুঝিয়ে দাও।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) ''শোধ নিতে চাও ত এইই সময়। আমাকে জেলে দিতে পারো।'' বক্তা কে? এখানে কোন্ সময়ের কথা বলা হয়েছে?

(খ) ''বুক ভরিয়া বাতাস টানিয়া লইয়া আকুলভাবে সে কামনা করিল, আলো ও মাটি।'' ব্যাখ্যা করো।

(গ) 'দুঃশাসনীয়' গল্পের বাস্তব প্রেক্ষাপট উল্লেখ করো।

(ঘ) 'শুধু কেরাণী' গল্পে 'পাখি'র প্রসঙ্গ কেন ও কিভাবে এসেছে, বুঝিয়ে দাও।

★★★

**2018**

# ELECTIVE BENGALI (General)

SEVENTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 3 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত শব্দগুলির যে কোনো দশটির পরিভাষা লেখো : ১×১০=১০

Hamartia ; Bells-letter ; Conflict ; Discourse ; Epistle ; Fiction ; Lyricism ; Structuralism ; Purgation ; Saga ; Shadow play ; Wit ; Triad ; Variant ; Utopia.

২। নিম্নপ্রদত্ত রচনাটির প্রুফ সংশোধন করো (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে) : ১০

নিস্তব্ধ গামে সন্ধা। গরু গাড়ির সব্দে নির্জণপথ সচকিত হইয়া উঠিয়া ছিল। আবার তাহা স্তদ্ধতায় ডুচিয়া গিয়াছে। তেঁতুল গাছটীর পাতা যেন বিনা বাতাসেই কাঁপিতেছে। দরে সজিনা গাছ গাছর উপর দিয়া এক টা লতা মাটির দিকে ঝুকিয়া আছে। তাতে ফুল নাই, কুঁড়িও নাই। পাতার ভরা সম্পদে—যেন কোন দৈন্যই নাই।

( পাণ্ডুলিপি নীচে দেওয়া হল )

নিস্তব্ধ গ্রামের সন্ধ্যা। গরুর গাড়ির শব্দে নির্জন পথ সচকিত হইয়া উঠিয়াছিল, আবার তাহা স্তব্ধতায় ডুবিয়া গিয়াছে। উঠানের তেঁতুল গাছটার পাতা যেন বিনা বাতাসেই কাঁপিতেছে। দূরে সজিনা গাছের উপর দিয়া একটা লতা মাটির দিকে ঝুঁকিয়া আছে। তাহাতে ফুল নাই, কুঁড়িও নাই। পাতার সম্পদে ভরা—যেন কোন দৈন্যই নাই।

৩। যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো (অনধিক ৩০০ শব্দে) : ১৫

(ক) মধ্যযুগের বাংলা কাব্যে দেবতা ও মানুষ

(খ) ছোটগল্পকার রবীন্দ্রনাথ

(গ) বাংলা ঐতিহাসিক উপন্যাস

(ঘ) শতবর্ষে কথাসাহিত্যিক নারায়ণ গঙ্গোপাধ্যায়

৪। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে কোনো দুটি) : ৫×২=১০

তৎসম শব্দ ; বর্ণবিপর্যয় ; সাদৃশ্য ; বিমিশ্রণ ; স্বরলোপ।





৫। নিম্নপ্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা *অথবা* রোমান বর্ণমালা অনুসারে লিপ্যন্তর করো : ১০

"আমাদের বাড়িতে একদিন ডাকাতি খেলা দেখানো হয়েছিল। মস্ত মস্ত কালো কালো জোয়ান সব, লম্বা লম্বা চুল। ঢেঁকিতে চাদর বেঁধে সেটা দাঁতে কামড়ে ধরে দিলে ঢেঁকিটা টপ্‌কিয়ে পিঠের দিকে। ঝাঁকড়া চুলে মানুষ দুলিয়ে লাগল ঘোরাতে। লম্বা লাঠির উপর ভর দিয়ে লাফিয়ে উঠল দোতলায়। একজনের দুই হাতের ফাঁক দিয়ে পাখির মতো সুট্ করে বেরিয়ে গেল। দশ-বিশ ক্রোশ দূরে ডাকাতি সেরে সেই রাত্রেই ভালো মানুষের মতো ঘরে ফিরে এসে শুয়ে থাকা কেমন করে হতে পারে তাও দেখালো।" (রবীন্দ্রনাথ ঠাকুর)

৬। পাশ-ফেল প্রথার ভালমন্দ বিষয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে একটি কাল্পনিক সাক্ষাৎকার প্রস্তুত করো। ১৫

*অথবা*

ট্রেনের ধাক্কায় বন্যপ্রাণীর মৃত্যু-বিষয়ে সংবাদপত্রে একটি প্রতিবেদন রচনা করো।

৭। মহাবিদ্যালয়ে ছাত্রছাত্রীদের উপস্থিতি সন্তোষজনক নয়—এই বিষয়ে মহাবিদ্যালয়ের অধ্যক্ষের পক্ষ থেকে একটি বিজ্ঞপ্তি রচনা করো। ১৫

*অথবা*

'কন্যাশ্রী' প্রকল্পে নাম নথিভুক্তির জন্য আবেদন করে অধ্যক্ষের কাছে একটি পত্র রচনা করো।

৮। বাংলায় অনুবাদ করো : ১৫

The natural beauty of Darjeeling is very charming. Whatever direction one may look to, one will only see mountains after mountains. The peaks of Himalayas at a distance are clearly visible. These peaks remain ever covered with snow. When the rays of the newly risen sun fall upon these masses of snow, it then seems that someone has anointed the tops of the peaks with vermillion. The more the sun rises up, the more the colours change. It then seems that someone has adorned the peaks of the Himalayas with innumerable crowns of gold. How much marvellous that scene is cannot be described in words.

★★★